**পল্লবী আর্ট**
আল্পনা, মেহেন্দী, ওয়াল পেন্টিং, ফেব্রিক, গ্লাস পেন্টিং যত্ন সহকারে করা হয়।
বাচ্চাদের খুব যত্ন সহকারে আঁকা শেখানো হয়।
Mob. : 8240006480

**বনগাঁ পৌরসভার**
**ওয়ার্ড ভিত্তিক ফলাফল**
....তিনের পাতায়

স্থানীয় নির্ভিক সাপ্তাহিক সংবাদপত্র

# সার্বভৌম সমাচার

RNI Rgn. No. WBBEN/2017/75065 ❑ Postal Regn No.- Brs/135/2020-2022 ❑ Vol. 5 ❑ Issue 50 ❑ 03 Mar. 2022 ❑ Weekly ❑ Thursday ❑ ₹ 2

নতুন সাজে সবার মাঝে
শীতাতপ নিয়ন্ত্রিত
ALANKAR
সরকার অনুমোদিত ২২/২২ ক্যারেট K.D.M
অলঙ্কার
সোনার গহনা নির্মাতা ও বিক্রেতা
যশোহর রোড • বনগাঁ
M : 9733901247

# মিশন পৌরসভা, কে বসবে বনগাঁর মসনদে

**সায়ন ঘোষ, বনগাঁ**

পৌরভোটে সবুজ ঝড় সারা রাজ্য জুড়ে। তারমধ্যে উত্তর ২৪ পরগণা জেলার বনগাঁ পৌরসভার ২২ টি ওয়ার্ডের মধ্যে ১৯ টি ওয়ার্ডে জয় লাভ করেছে তৃণমূল। অন্যদিকে, বিজেপি ৭ নম্বর ওয়ার্ড, কংগ্রেস ১৭ নম্বর ওয়ার্ড এবং নির্দল ১৮ নম্বর ওয়ার্ড জয় লাভ করেছে।

স্থানীয় সূত্রের খবর, আগামী ৭'ই মার্চ বনগাঁ পৌরসভায় বোর্ড গঠন করতে পারে তৃণমূল। কিন্তু এবার প্রশ্ন, বনগাঁ পৌরসভার চেয়ারম্যানের আসন কার দখলে যাবে? ২২ জনের মধ্যে কে এগিয়ে রয়েছে বনগাঁর পৌরপ্রধানের দায়িত্ব পেতে। উল্লেখ্য, শেষ বারের চেয়ারম্যান পদ সামলেছেন তৃণমূল নেতা শংকর আঢ্য। বনগাঁতে উন্নয়নও হয়েছে একের পর এক। তারপর দলের নির্দেশে বনগাঁ পৌরসভার পৌর প্রশাসক হিসেবে দায়িত্ব সামলেছেন বনগাঁর প্রাক্তন বিধায়ক গোপাল শেঠ। যদিও এবারের পৌর নির্বাচনে বনগাঁ পৌরসভার ৩ নম্বর ওয়ার্ডে জয়ী তৃণমূল প্রার্থী গোপাল শেঠ। তাঁর প্রাপ্ত ভোট ২১৬৭। তিনি জয়ী হয়েছেন ৮৪৯ ভোটে।



ফল ঘোষণার পর তৃণমূলের কর্মী সমর্থকদের জয়োচ্ছ্বাস। ছবি ঃ নিজস্ব

নিয়মানুসারে, চেয়ারম্যান পদের দায়িত্ব নির্বাচিত করা হয় দলের সবার মতামত নিয়েই। এই মুহুর্তে বনগাঁ পৌরসভার দায়িত্বে রয়েছেন বনগাঁর মহকুমা শাসক। তাঁর উপস্থিতিতে জয়ী প্রার্থীদের আলোচনার মাধ্যমে ঠিক হবে চেয়ারম্যানের চেয়ার কার জন্য অপেক্ষা করছে। ২২ জন জয়ী প্রার্থীদের মধ্যে কোনো মহিলা জয়ী প্রার্থীকে চেয়ারম্যানের দায়িত্ব দিলে, সেই মাফিক এবারের ২২ টি ওয়ার্ডের মধ্যে জয়ী মহিলা কাউন্সিলর রয়েছে ১০ জন। তৃতীয় পাতায়...

## বনগাঁর প্রাক্তন চেয়ারম্যানের বাড়ি লক্ষ্য করে গুলি, তদন্তে বনগাঁ থানার পুলিশ

প্রতিনিধি : তৃণমূল কংগ্রেস নেতার বাড়ি লক্ষ্য করে গুলি। এমনই অভিযোগ উত্তর ২৪ পরগণার বনগাঁ পৌরসভার প্রাক্তন চেয়ারম্যান তথা তৃণমূল কংগ্রেস নেতা তাপস মুখার্জির।

বুধবার গভীর রাতে তাপস বাবুর বনগাঁ হাই স্কুল মোড়ের বাড়ির নিচে কয়েকটি যুবকের আওয়াজ শুনতে পান। তাপস বাবু, কে বা কারা জিজ্ঞাসা করলে যুবকরা তাপস বাবুকে উদ্দেশ্য করে গালি গালাজ করে নিচে নেমে আসতে বলে। তারপরেই চার রাউন্ড গুলির শব্দ শুনতে পান তাপস বাবু। সকালে উঠে কয়েকটি গুলির খোল ও একটি গুলি দেখতে পায় তারা। পরবর্তীতে বনগাঁ থানায় খবর দিলে পুলিশ এসে দুটি গুলির খোল ও একটি গুলি উদ্ধার করেন। বনগাঁ থানার পুলিশ



ঘটনার তদন্ত শুরু করেছেন।

প্রসঙ্গত, বনগাঁ পৌরসভার প্রাক্তন চেয়ারম্যান তাপস মুখার্জির মেয়ে দেবজানি চাটার্জ্জী চতুর্থ পাতায়...



গননার দিন বনগাঁ দীনবন্ধু মহাবিদ্যালয়ে জলযোগে ব্যস্ত বিজেপি প্রার্থী দেবদাস মণ্ডল ও তৃণমূল প্রার্থী প্রসেনজিৎ বিশ্বাস। ছবি ঃ নিজস্ব

LIC
**কর্মসংস্থান**
LICI তে এজেন্ট নিয়োগ চলছে
স্টাইপেন্ড- ৫০০০ টাকা তৎসহ কমিশন।
**উজ্জ্বল চন্দ** (ডেভেলপমেন্ট অফিসার)
যোগাযোগ- ৭৯০৮৬২৯৪৬২ / ৯৯৩২৭২৯০৯৫

## মূর্তি পুজো নয়, অসহায়দের খাদ্য সামগ্রী বিতরণে বিশ্বাসী

চিফ রিপোর্টার : উত্তর ২৪ পরগণা জেলার বাগদা ব্লকের এক ফাউন্ডেশন মহা শিবরাত্রি উপলক্ষ্যে পারমদন ইট ভাটার গরীব অসহায় বাচ্চাদের মধ্যে দুধ, পুষ্টিকর খাদ্য এবং ফল বিতরণের উদ্যোগ নিল। ওই ফাউন্ডেশনের ডিরেক্টর সুজিত বিশ্বাস বলেন, হিন্দু ধর্ম মতে ভারতীয়রা শিবরাত্রিতে পাথরের মূর্তির উপরে দুধ ও জল ঢেলে থাকে। কিন্তু সমাজে অনেক অসহায় মানুষ আছেন, যাদের আনন্দ উৎসব তো দূরের কথা, দুবেলা দুমুঠো খাবারও জোটে না। তার বক্তব্য, আমরা কেউ মূর্তি পূজার বিরোধী নই। স্বামী বিবেকানন্দের অমোঘ বাণী— জীবে প্রেম করে যেই জন, সেজন সেবিছে ঈশ্বর। মহান যশস্বীর জীবনাদর্শ এবং মূল্যবান বক্তব্যকে চলার পথের পাথেয় করে গত বছরের মত এবারও তারা শিব রাত্রির দিনে এই ক্ষুদ্র প্রচেষ্টা অব্যাহত রাখে। সুজিত বাবু মনে করেন, এহেন মানবিক উদ্যোগ আগামী দিনে জনমানুষের জন্য এক নতুন অনুপ্রেরণা হবে। জানা গেছে, উক্ত কর্মসূচীতে উপস্থিত ছিলেন, ফাউন্ডেশনের সহ সভাপতি মাননীয় সৌমেন বাছাড়, সদস্য মৃন্ময় কাঞ্জিলাল, বিপ্লব চৌধুরী, সাগর বিশ্বাস প্রমুখ।



## ভোট লুঠ ও সন্ত্রাসের প্রতিবাদে সিপিএমের সভা

সমাচার ঃ রাজ্যের ১০৬ টি পৌরসভার নির্বাচন অনুষ্ঠিত হল ২৭ ফেব্রুয়ারী। নির্বাচনে রাজ্যের বিভিন্ন এলাকায় বেশ কিছু বিক্ষিপ্ত ঘটনা ঘটে। তার প্রতিবাদে বিরোধীরা সরব হন। রাজ্যের প্রধান বিরোধী দল ভারতীয় জনতা পার্টি পরের দিন রাজ্যে ১২ ঘন্টার বন্ধ ডাকে। জাতীয় কংগ্রেসও সেই বন্ধকে সমর্থন জানা। বামপন্থীরাও নির্বাচনে ভোটলুঠ ও ভোট সন্ত্রাসের প্রতিবাদে আন্দোলনে নামে। গত ২৮ ফেব্রুয়ারী অপরাহ্নে গাইঘাটার সিপিআইএমের নেতৃত্ব পুরভোটে সন্ত্রাস এবং তৃতীয় পাতায়...

Behag Overseas
Complete Logistic Solution
(MOVERS WHO CARE)
MSME Code UAM No.WB10E0038805
ROAD - RAIL - BARGE - SEA - AIR
CUSTOMS CLEARANCE IN INDIA
Head Office : 48, Ezra Street, Giria Trade Centre, 5th Floor, Room No : 505, Kolkata - 700001
Phone No. : 033-40648534
9330971307 / 8348782190
Email : info@behagoverseas.com
petrapole@behagoverseas.com
BRANCHES : KOLKATA, HALDIA, PETRAPOLE, GOJADANGA, RANAGHAT RS., CHANGRABANDHA, JAIGAON, CHAMURCHI, LUKSAN, HALDIBARI RS, HILI, FULBARI



স্থানীয় নির্ভিক সাপ্তাহিক সংবাদপত্র
সার্বভৌম সমাচার
বর্ষ ০৫ ❐ সংখ্যা ৫০ ❐ ০৩ মার্চ, ২০২২ ❐ বৃহস্পতিবার

# নির্বাচন না প্রহসন

জয়! তৃণমূলের জয়! মা-মাটি-মানুষের জয়! সদ্য সমাপ্ত পশ্চিমবঙ্গের ১০৮টি পৌরসভার সাথে বনগাঁ পৌরসভাও। জয়ের ধারা অব্যহত। ২২টির মধ্যে ১৯টি। নির্বাচনের পরের দিন সকালে খবরের কাগজের হেড লাইন— সুষ্ঠু অবাধ নির্বাচন বনগাঁ পৌরসভাতে। গুপ্ত হাসি তৃণমূলের প্রার্থীদের মুখে। অথচ বাস্তব চিত্র ছিল ভিন্ন রকমের। থানার সামনে বসে কেঁদেছে বিজেপি, সিপিআইএম ও নির্দল প্রার্থী, বুমের সামনে কান্নায় ভেঙে পড়েছে কংগ্রেস প্রার্থী, বুথে এজেন্ট বসাতে না পেরে পথ অবরোধ করেছে বিজেপি প্রার্থী। ভারতবর্ষ একটি সংসদীয় গণতন্ত্র। সংবিধানের নিয়মানুসারে প্রত্যেক নাগরিক তার নিজস্ব ভাবনায়, নিজের মতে ভোট দিতে পারে যে কোন প্রার্থীকে। সেক্ষেত্রে যদি কোন ভোটারকে নির্দিষ্ট কোন প্রার্থীর ক্যাডারদের মতে ভোট দিতে হয়, তাহলে সেটি কেমনতর অবাধ নির্বাচন! বা কোন ভোটারকে যদি ভোট কেন্দ্রে গিয়ে শুনতে হয় তার ভোট দেওয়া হয়ে গেছে, তা হলে তো আরও অবাধ নির্বাচন! সরকারের নির্ধারিত সহায়ক ব্যক্তিবর্গের সাথে নির্বাচন কেন্দ্রে অবাধে যেতে পারেন কোন পত্রিকার নির্ধারিত প্রতিনিধিবৃন্দ; যার অনুমোদন আসে তথ্য সংস্কৃতি দপ্তর থেকে। সেই নির্বাচিত পত্রিকা প্রতিনিধিকে যদি ভোট কেন্দ্রে গিয়ে মার খেতে হয় বা তার ক্যামেরা কেড়ে নেওয়া হয়, তাহলে এ কেমন সুষ্ঠু অবাধ নির্বাচন! একবিংশ শতাব্দীর মধ্যলগ্নে দাঁড়িয়ে সংসদীয় গণতন্ত্রের এমনতর নির্বাচনের জন্য একটাই শব্দ লেখনীতে উঠে আসে— প্রহসন!



নির্বাচনী এজেন্টকে মারধর, বুথ জ্যাম, ভোট লুট-এর অভিযোগ তুলে ধর্ণায় বিজেপি, সিপিআইএম, নির্দল প্রার্থীরা। বনগাঁ থানার সামনে ছবিটি তুলেছেন সায়ন ঘোষ।

## গতি হীন ছন্দ

### অশোক কুমার হালদার

মানুষের ব্যস্ত এবং চলমান সংসারে সর্বদা একটা নির্দিষ্ট গতি নিয়ে এবং যত্নবান হয়ে মানুষজন নিজ, নিজ কাজ সম্পন্ন করেন। আর সেই গতি সম্বন্ধীয় পথে যদি ক্লান্তিজনক অবস্থার সৃষ্টি হয়, আর সেটা ইচ্ছায় বা অনিচ্ছায় বা ঈর্ষা বা হিংসা দ্বারাই হোক, সেক্ষেত্রে কর্মের গতিহীনতা বা ছন্দহীনতা ঘটে। পাহাড়ের হিমবাহ থেকে যে সকল ঝরনা প্রবাহ একটি নির্দিষ্ট গতিময় ছন্দ নিয়ে নিম্নভূমির দিকে নেমে আসার গতি পথে যদি কোন বাধার সৃষ্টি হয়, তাহলে সেক্ষেত্রেও দেখা যায় গতির ছন্দহীনতা। মানুষের সংসার জীবনে ছন্দহীনতা বা গতিহীনতার অনেক কারণ রয়েছে। তার মধ্যে একটি প্রধান কারণ, সেটা হচ্ছে দারিদ্রতা। মানুষের জীবনের চলার পথের গতি হননকারী প্রতিরোধের জন্য দারিদ্রতা একটি যন্ত্র বিশেষ। সূর্যের আলো গাছের উপর না পড়ে যদি ছায়া পড়ে, তাহলে গাছের সবুজ পাতা ফ্যাকাসে বা হলুদ হয়ে যায়। তেমনি দারিদ্রতার ছায়া পড়ে মানুষের জীবনধারনের গতিকে থামিয়ে দিতে পারে। মানব জীবনে শিক্ষার গুরুত্ব অপরিসীম। শিক্ষা মানুষ এবং মানুষের সংসারকে প্রগতিশীল এবং সমৃদ্ধ করে তোলে। কিন্তু উচ্চশিক্ষার ক্ষেত্রে অনেকের ইচ্ছা থাকে। কিন্তু সেই ক্ষেত্রে অর্থের জোগান চাই। আর অর্থ ছাড়া শিক্ষা নেওয়া সম্ভবপর নয়। ইচ্ছা থাকলেও দারিদ্রতা সব থেকে বড় বাধা বা গতিহীনতার কারণ হয় একজন ছাত্রের জীবনে। কোন ছাত্রের ডাক্তার হওয়ার যোগ্যতা আছে এবং পড়াশোনায় গতি এবং ছন্দ আছে। তবু সেই ক্ষেত্রেও ঐ দারিদ্রতা গতিহীনতার কারণ হয়।

## ইউক্রেনে আটকে গাইঘাটার যুবক

প্রতিনিধি : ইউক্রেনে রাশিয়া যুদ্ধ পরিস্থিতির মধ্যে তাদের আকাশ পথ বন্ধ করেছে ইউক্রেন। এর ফলে ইউক্রেনে পড়তে গিয়ে আটকে পড়েছে বহু ভারতীয় ছাত্র। তাদের মধ্যে গাইঘাটা পাঁচপোতা এলাকার তন্ময় বিশ্বাস রয়েছেন।

পরিবারের সদস্যরা জানিয়েছেন, ২০১৭ সালে ১ অক্টোবর তন্ময় ডাক্তারি পড়তে ইউক্রেনের পাড়ি দিয়েছিল। বর্তমানে সে খারকিউবস শহরে রয়েছে। বাবা-মার একমাত্র সন্তান সে। বাবা দুলাল বাবু স্ত্রীকে নিয়ে বর্তমানে কর্মসূত্রে উত্তরপ্রদেশে রয়েছেন। তাদের গাইঘাটার বাড়ি দেখভাল করছেন মামি নির্মলা বিশ্বাস। তিনি বলেন, "ছেলের সঙ্গে মাঝে মাঝে যোগাযোগ হচ্ছে কিন্তু আতঙ্কের মধ্যে রয়েছি। ওখানে জল নেই খাবার নেই। অনাহারে দিন কাটছে। ফোনে ঠিকমতো যোগাযোগ করা সম্ভব হচ্ছে না। সরকারের কাছে আবেদন ছেলে যেন সুস্থ শরীরে আমাদের পরিবারের মাঝে ফিরে আসে।"

## দীঘা হাজরা তলায় কালী পুজো উপলক্ষে বহু ভক্তের সমাগম।

নীরেশ ভৌমিক ঃ বিগত বছর গুলির মতো এবারও ফাল্গুনী আমাবস্যায় কালীপুজোর



আয়োজন করেছে চাঁদপাড়ার দীঘা গ্রামের মানুষজন। পুজো উপলক্ষে গ্রামের হাজরাতলা শ্মশান প্রাঙ্গনের কালীমন্দিরে ফুল আলোক মালায় সাজানো হয়।

১ মার্চ মঙ্গলবার সকাল থেকেই দীঘা সহ পার্শ্ববর্তী গ্রামের মানুষজন পুজো প্রাঙ্গনে আসেন। মন্দির প্রাঙ্গনের সুসজ্জিত মঞ্চে পরিবেশিত হয় পদাবলী কীর্তন ও বাউল সংগীতানুষ্ঠান। সকলের জন্য আয়োজন করা হয়েছে খিচুড়ি ভোগের। পুজো কমিটির সভাপতি অমর মজুমদার ও কোষাধ্যক্ষ সুশান্ত মজুমদার জানান গ্রামের মানুষজন পুজো ও অনুষ্ঠানকে সার্থক করে তুলেছে সহযোগিতার হাত বাড়িয়ে দিয়েছে। অন্যতম সংগঠক জগন্নাথ সরকার, প্রমোদ দাস ও গ্রামের প্রাক্তন পঞ্চায়েত সদস্য সঞ্জয় মালাকার, ক্ষুদিরাম বণিক প্রমুখের আন্তরিক সহযোগিতায় সমগ্র অনুষ্ঠান সার্থক হয়ে ওঠে।

## দৃষ্টির মাতৃভাষা দিবস পালন

প্রতিনিধি ঃ গত ২১ ফেব্রুয়ারি দত্তপুকুর 'দৃষ্টি'র অস্থায়ী মহলাকক্ষে পালিত হল আন্তর্জাতিক মাতৃভাষা দিবস। দৃষ্টির কর্ণধার বুদ্ধদেব ভট্টাচার্য বলেন, দলের আগামী প্রজন্ম এই ছোট ছোট আয়োজনের মধ্য দিয়েই




তারা বৃহৎ কিছু সৃষ্টি করার উৎসাহ পাবে। এদিন দলের ছোটদের বর্ণময় নৃত্য, গান, আবৃত্তি, সমবেত সঙ্গীত। অনুষ্ঠানের শেষে বুদ্ধদেব ভট্টাচার্য মহাশয় জানান শীঘ্রই তাদের নব নির্মীয়মান মহলাকক্ষের কাজ সম্পন্ন হলেই এই অনুষ্ঠানগুলো আরও

## সচেতনা মূলক প্রচারাভিযান

প্রতিনিধি ঃ জেলার স্বাস্থ্য দপ্তরের আহবানে সাড়া দিয়ে স্বাস্থ্য সচেতনা মূলক প্রচার অভিযানে অংশ নিয়েছে ঠাকুরনগরের মাইম একাডেমী অফ কালচারের সদস্যগন। সংস্থার সম্পাদকপুরস্কার প্রাপ্ত মূকাভিনেতা চন্দ্রকান্ত শিরালী জানান, তাঁরা মানসিক রোগ ও রোগীদের সুস্থ করে তোলার ব্যাপারে বিভিন্ন পৌরসভা ও ব্লক এলাকায় প্রচারাভিযান করে চলেছেন। তাঁরা বসিরহাট সহ হাসনাবাদ, টাকি, সন্দেশখালি, বাদুড়িয়া, স্বরুপনগর ইত্যাদি ব্লক এলাকায় মানসিক রোগের ব্যাপারে মূকাভিনয়ের মাধ্যমে সচেতন করার প্রয়াস চালিয়েছেন।

# বিশেষ রচনা

## ডিএনএ চিপ দেখেই ওষুধ নির্বাচন করা যাবে




### অজয় মজুমদার

**২য় পর্ব**

আমাদের চোখ গুলো যদি অণুবীক্ষণ যন্ত্রের মতো সূক্ষ্ম ও শক্তিশালী হতো, তাহলে আমরা জলটুকুও গ্রহণ করতে পারতাম না। সবসময় আমাদের নাকে মুখে চোখের মধ্যে দিয়ে অসংখ্য জীবানুর প্রবেশ দেখতে পেতাম। এমনকি দেখতে পেতাম এক গ্লাস জলের মধ্যে দোতলা বাসের মতো মাইক্রোবসরা অবাধে খেলা করে বেড়াচ্ছে। চোখে দেখতে পাই না বলেই আমরা এমন জল পান করি। শত্রুর বিরুদ্ধে লড়াই করে প্রতিনিয়ত আমরা স্বাভাবিক প্রতিরোধ শক্তিতেই জিতছি। আর আমরা যখন হারছি, তখনই নানা রোগের আবির্ভাব।


রক্তের শ্বেত রক্ত কনিকাই আমাদের শারীরিক শক্তির রক্ষাকর্তা। যারা নিরাপত্তা বাহিনীর মতো সৈন্যের কাজ করে। দেহের মধ্যে প্রবেশ করা শত্রুদের বিরুদ্ধে এরাই প্রতিরোধ ব্যবস্থা গড়ে তোলে। শ্বেত রক্ত কণিকা বিশেষ দিন থেকে তৈরী করে একটি এনজাইম বা প্রোটিন, এই এনজাইমটির নাম হল অ্যাডিনোসিন ডি অ্যামিনেজ বা এডিএ। কোন কারণে এই উৎসেচক তৈরীর জন্য জিনে সমস্যা তৈরি হলে শরীরে এডিএ তৈরি হবে না। আর ফল অবশ্যই মারাত্মক। দেহের সম্পূর্ণ প্রতিরোধ ব্যবস্থাটাই ভেঙে পড়বে।

রোগের নাম সিভিয়ার কম্বাইনড ইমিউনো ডেফিসিয়েন্সি বা এস টিআইডি। এই রোগে সামান্য ভাইরাস জ্বর হলেও




সারানো কঠিন হয়ে পড়ে। সামান্য একটা জিনের একটি অসাধারণ ক্ষমতা কে তা জানত? আমেরিকার ন্যাশনাল ক্যান্সার ইনস্টিটিউট অফ হেলথ এন এইচ এর বিজ্ঞানীরা সুস্থ মানুষের কোষের ডিএনএ থেকে ওই বিশেষ জিনটিকে সংগ্রহ করে রেখেছিলেন, সেই জিনটি চার বছরের এক মুমূর্ষ রোগীর দেহের রক্তের মাধ্যমে প্রবেশ করানো হলো। এইভাবে ত্রুটিমুক্ত জিন মিশ্রিত রক্ত চারবার তার দেহে প্রবেশ করানো হলো। দেখা গেল ধীরে ধীরে সেই অসুস্থ রোগীটি সুস্থ হয়ে উঠলো। শারীরিক ক্ষমতা ও প্রতিরোধ ক্ষমতা বেড়ে গেল।

মানুষের বিপাকীয় অক্ষমতা জনিত নানা রোগ নিয়ে কাজ করেছেন আর্চিকাল্ড এডওয়ার্ড গ্যারোড। একজন ব্রিটিশ চিকিৎসা বিজ্ঞানী। তার গবেষণার বিষয় ছিল মূলত চারটি রোগ। আলক্যাপটোনিউরিয়া, অ্যালবিনিজম, সিস্টিনিউরিয়া এবং পেনটোসুরিয়া। এইসব রোগের উপর গবেষণা করতে গিয়ে গ্যারড দেখলেন, এইসব রোগীদের মূত্র থেকে খাবারের অর্ধপাচ্য একটা অংশ বেরিয়ে আসছে। অর্থাৎ খাবার সম্পূর্ণ হজম হচ্ছে না। এনজাইমের অভাবেই এই কান্ড ঘটছে। গ্যারড পরিবারের বাবা ঠাকুরদা সকলেই এই বিপাকীয় রোগে আক্রান্ত । তিনি নিশ্চিন্ত ছিলেন, কোন জীবাণু এই রোগের কারণ নয়। গবেষণার অন্যান্য দিককে তিনি অনেকটাই এগিয়ে দিয়েছিলেন। কিন্তু পূর্ণাঙ্গ সাফল্য তার গবেষণায় আসেনি। আলেফ জেক্সিস বিশ্ববিদ্যালয়ের জেনেটিক্স বিভাগে অধ্যাপনা করার সময় বিজ্ঞানী ফ্ল্যভেল এর সঙ্গে জিন-এ ইন্ট্রন আবিষ্কার করেন। ইন্ট্রন হল ডি এন এর সঙ্গে সেই 'কোডন', যে কোন প্রোটিন তৈরি করে না। জেক্সি-র মাথায় প্রথম এলো ডি এন এ-র সঙ্গে কোন ডি এন এর গঠন সম্পূর্ণ মিলবে না। তবে গবেষণা এক ডিএনএ-র মতো আরেক ডিএনএ তৈরি করতে পারে। আর ওই



সাফল্য ধরে রোগমুক্তি প্রসারিত হবে।

এখানে ডিএনএ চিপ নিয়ে এই একটি কথা বলা প্রয়োজন। ডিএনএ চিপ আসলে কতকগুলি অলিগোনিউক্লিয়টাইড বা প্লাসমিডের ক্রমিক সজ্জা। এই চিপ তৈরী করতে গিয়ে কিছু অসুবিধা হয়েছে। মানুষের ডিএনএ মাত্র তিন ভাগ কাজের বলে বিজ্ঞানীরা দাবি করেন। বাকি ৯৭ ভাগই অকাজের। এই অকাজের অঞ্চলে যে কোডন দেখা গেছে, সেখানে একই রকমের অলিগোনিউক্লিওটাইড সজ্জা ফিরে ফিরে আসছে। কিন্তু কৃত্রিম উপায়ে তৈরি চিপ এই সজ্জারীতিকে বজায় রাখা যায় না। বর্তমানে এ কথা বললেও আগামীদিনে গবেষণায় অনেক নতুন দিশা মিলবে এবং সুনির্দিষ্ট কাজের সন্ধান দেবে। বিজ্ঞানীরা চেষ্টা চালাচ্ছেন ক্যান্সারের কোশের মধ্যেই এমন এনজাইম বা প্রোটিন প্রবেশ করানো হবে, যারা ক্যান্সারের বিরুদ্ধে প্রতিরোধতন্ত্রকে উদ্দীপিত করবে। ফলে ক্যান্সার কোষ গুলি নিজেরাই নিজেদের ধ্বংসের বীজ বপন করবে। আর একটা কৌশল তৈরি হয়েছে যা পশুদের ক্ষেত্রে কাজে লেগেছে। এই পদ্ধতিতে কোষের মধ্যে এমন সব এনজাইম প্রবেশ করানো হয় যা কোষগুলিকে বিশেষ বিশেষ ওষুধ সম্পর্কে সংবেদী করে তোলে। মস্তিষ্কের টিউমারে এই পদ্ধতি সবচেয়ে বেশি ফলপ্রদ। মস্তিষ্কের ভেতরে প্রায় কোন স্বাভাবিক কোষই বিভাজন হয় না। ফলে বাইরের বংশাণুটিকে গ্রহণ করে একমাত্র ক্যান্সার কোষ। একটি ত্রুটিযুক্ত জীবাণুর ডিএনএ ক্রম জানা গেলেও সংবেদনশীলতা বিরোধী(Anti sense) নিউক্লিক অ্যাসিড তৈরীর সম্ভবনা দেখা দেবে।

জীবনের জন্য চিকিৎসা। তার জন্য মানুষ প্রতিনিয়ত প্রয়াস চালিয়ে যাচ্ছে। ঝাড়ফুঁক, তুকতাক থেকে জিন মেডিসিনের অভিব্যক্তি প্রমাণ করে, মানুষের জীবনের বৈচিত্রের ধারা বেঁচে থাকার রসদ। বাজারে আসছে ডিএনএ চিপ। এই চিপ দেখে ডাক্তাররা ওষুধ নির্বাচন করে দিতে পারবেন। কারণ ডিএনএ চিপ হল জিনের ঠিকুজি কুষ্ঠি। অনেক জটিল ও কঠিন রোগের উপশম করতে এই চিপ এক বড় ভূমিকা নেবে।

# বনগ্রাম পৌরসভার সাধারণ নির্বাচন-২০২২

# ওয়ার্ড ভিত্তিক ফলাফল

| ওয়ার্ড নম্বর | দলের নাম | প্রার্থীর নাম | প্রাপ্য ভোট | জয়ের ব্যবধান |
|---|---|---|---|---|
| ০১ | তৃণমূল কংগ্রেস | দিপালী বিশ্বাস | ১৮৩৮ | ৬২০ |
| | নির্দল | বসুন্ধরা বিশ্বাস (সরকার) | ১২১৮ | |
| | সিপিআই(এম) | অনিন্দিতা সাহা (মল্লিক) | ৫৩২ | |
| | বিজেপি | সুস্মিতা সাহা | ৩৬২ | |
| ০২ | তৃণমূল কংগ্রেস | শিখা ঘোষ | ২২০৮ | ১০৪৪ |
| | বিজেপি | স্বাতী রায় | ১১৬৪ | |
| | সিপিআই(এম) | বেলারানী তরফদার | ১০৮৪ | |
| ০৩ | তৃণমূল কংগ্রেস | গোপাল শেঠ | ২১৬৭ | ৮৪৯ |
| | জাতীয় কংগ্রেস | মলয় আঢ্য | ১৩১৮ | |
| | বিজেপি | মধুসূদন মণ্ডল | ৮৯ | |
| | সিপিআই(এম) | উৎপল কুমার মণ্ডল | ৫৬ | |
| ০৪ | তৃণমূল কংগ্রেস | জ্যোৎস্না আঢ্য | ১৯৯১ | ১৩৭০ |
| | বিজেপি | পার্বতী দত্ত | ৬২১ | |
| ০৫ | তৃণমূল কংগ্রেস | দিলীপ কুমার মজুমদার | ১৭৮৬ | ২৬১ |
| | বিজেপি | অলোকেশ ঘোষ | ১৫২৫ | |
| | সিপিআই(এম) | সবিতা রায় | ২০৪ | |
| | জাতীয় কংগ্রেস | সুনিল কুমার রায় | ৪১ | |
| ০৬ | তৃণমূল কংগ্রেস | প্রসেনজিৎ বিশ্বাস | ১৯৬৮ | ১২৪০ |
| | বিজেপি | অন্বেষা সাহা | ৭২৮ | |
| | সিপিআই(এম) | সুব্রত বিশ্বাস | ৩৩৩ | |
| | জাতীয় কংগ্রেস | দেবব্রত চৌধুরী | ৩৮ | |
| ০৭ | বিজেপি | দেবদাস মণ্ডল | ২৪৫৩ | ১০৩১ |
| | তৃণমূল কংগ্রেস | কার্তিক মণ্ডল | ১৪২২ | |
| | জাতীয় কংগ্রেস | পরমেশ্বর গাইন | ১২৯ | |
| ০৮ | তৃণমূল কংগ্রেস | বন্দনা মুন্সি | ১৯১৮ | ৩১৪ |
| | বিজেপি | দিপ্তী সরকার | ১৬০৪ | |
| | সিপিআই(এম) | শিবানী ধর | ৭০৮ | |
| | জাতীয় কংগ্রেস | দেবযানী চ্যাটার্জ্জী (তারা) | ২৪১ | |
| ০৯ | তৃণমূল কংগ্রেস | বন্দনা দাস কীর্তনীয়া | ৩৪৯৪ | ২৯৯২ |
| | বিজেপি | সীমা বিশ্বাস | ৫০২ | |
| | সিপিআই(এম) | শিপ্রা বাইন (মজুমদার) | ২২০ | |
| | নির্দল | সুমিত্রা দত্ত (রায়) | ৬৫ | |
| | জাতীয় কংগ্রেস | উর্মিলা রায় | ৩১ | |
| ১০ | তৃণমূল কংগ্রেস | কৃষ্ণা রায় | ২৪৫৩ | ১৫৮২ |
| | বিজেপি | দিপ্তেন্দু বিকাশ বৈরাগী | ৮৭১ | |
| | সিপিআই(এম) | চন্দনা বিশ্বাস | ২১৯ | |
| | জাতীয় কংগ্রেস | কৃষ্ণ মণ্ডল | ৫১ | |
| ১১ | তৃণমূল কংগ্রেস | শম্পা মোহান্ত | ২৪১৪ | ১৯১২ |
| | বিজেপি | নিহার চন্দ্র মজুমদার | ৫০২ | |
| | নির্দল | সঞ্জিত বিশ্বাস | ২৪১ | |
| | অল ইণ্ডিয়া ফঃ ব্লক | কেয়া দাস | ৫৬ | |
| ১২ | তৃণমূল কংগ্রেস | টুম্পা রায় | ৩১৮৭ | ২৫৮৮ |
| | বিজেপি | অমর কীর্তনীয়া | ৫৯৯ | |
| | সিপিআই(এম) | তনুশ্রী দাস | ১১৮ | |
| ১৩ | তৃণমূল কংগ্রেস | মৌসুমী চক্রবর্তী | ২১৮৩ | ১৬২৫ |
| | সিপিআই(এম) | দিশারী মুখার্জী | ৫৫৮ | |
| | বিজেপি | ঝুমা ভট্টাচার্য | ৩৯০ | |
| ১৪ | তৃণমূল কংগ্রেস | দিলীপ কুমার দাস | ১৩৬১ | ৩৮৬ |
| | নির্দল | কবিতা বালা | ৯৭৫ | |
| | বিজেপি | জ্ঞান প্রকাশ ঘোষ | ৯৩২ | |
| | সিপিআই(এম) | ধৃতিমান পাল | ৩৭৪ | |
| | জাতীয় কংগ্রেস | বিশ্বজিৎ ভঞ্জ | ৩৫ | |
| ১৫ | তৃণমূল কংগ্রেস | অমিতাভ দাস | ২০৬৩ | ১৭২৮ |
| | বিজেপি | গীতা দাস | ৩৩৫ | |
| | সিপিআই(এম) | সঞ্চিতা পাণ্ডে | ২৭৭ | |
| ১৬ | তৃণমূল কংগ্রেস | অভিজিৎ কাপুড়িয়া | ১৯০২ | ৯৬৫ |
| | বিজেপি | শুভঙ্কর মুখার্জী | ৯৩৭ | |
| | ভারতীয় কমঃ পার্টি | শান্তনু দাস (বাবু) | ২৯৪ | |
| | সিপিআই(এমএল) এলআইবি | শ্যামল সরদার | ২৩ | |
| ১৭ | জাতীয় কংগ্রেস | ঋতুপর্ণা আঢ্য | ২০৪৪ | ৬৯৮ |
| | তৃণমূল কংগ্রেস | প্রীতিকণা মণ্ডল | ১৩৪৬ | |
| | বিজেপি | লিলি অধিকারী দাস | ৯৫ | |
| | সিপিআই(এম) | বীণা টিকাদার | ৭২ | |
| ১৮ | নির্দল | চিরঞ্জিৎ বিশ্বাস | ১১২৯ | ৩৪৫ |
| | তৃণমূল কংগ্রেস | হিমাদ্রী মণ্ডল | ৭৮৪ | |
| | বিজেপি | চিরঞ্জিৎ হালদার | ৪৪০ | |
| | সিপিআই | সুশান্ত হালদার | ৭৪ | |
| | এসইউটিআই (কমিউঃ) | শ্যাম সুন্দর হালদার | ২৫ | |
| ১৯ | তৃণমূল কংগ্রেস | শর্মিলা দাস (বৈরাগী) | ২০৮৩ | ৬৫৪ |
| | বিজেপি | রেখা মিস্ত্রি | ১৪২৯ | |
| | সিপিআই (এম) | সোমা দাস | ১০৬০ | |
| | নির্দল | পিঙ্কি পাল | ৬৩৪ | |
| ২০ | তৃণমূল কংগ্রেস | নারায়ণ ঘোষ (নান্তু) | ২৬২৮ | ২৩৮৮ |
| | বিজেপি | প্রিয়াঙ্কা সাহা মণ্ডল | ২৪০ | |
| | সিপিআই (এম) | সুমিত কুমার কর | ২৩৩ | |
| ২১ | তৃণমূল কংগ্রেস | সুরজিৎ দাস | ২৩২১ | ১৬২৯ |
| | বিজেপি | অনুপ সাহা | ৬৯২ | |
| | সিপিআই (এম) | প্রসেনজিৎ ভৌমিক | ১০৫ | |
| | নির্দল | তরুন কুমার সরকার | ৪৭ | |
| | জাতীয় কংগ্রেস | সুজিত কুমার রায় | ২৯ | |
| ২২ | তৃণমূল কংগ্রেস | সুকুমার রায় | ২৫০৮ | ১০১৬ |
| | নির্দল | বিনয় রতন পোদ্দার | ১৪৯২ | |
| | বিজেপি | শিউলি মজুমদার | ৬৬৬ | |
| | সিপিআই(এম) | অজিতেষ রায় | ২১৬ | |
| | বিএসপি | সন্তোষ কুমার সিকদার | ৫৩ | |

# মিশন তপোবন-এ শিবরাত্রি



নীরেশ ভৌমিক ঃ গাইঘাটার ডেওপুল মিশন তপোবন-এ বিগত বছরগুলির মতো এবারও শিবরাত্রি উপলক্ষ্যে শিব অর্চনা সহ নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়। ১ মার্চ সকালে মঙ্গলারতি, নাম সংকীর্তন-এর মধ্য দিয়ে ষষ্ঠদশ বর্ষের মহা শিবরাত্রি উৎসবের সূচনা হয়। এদিন সকালে বসে আঁকো প্রতিযোগিতার মধ্য দিয়ে বিভিন্ন প্রতিযোগিতা ও অনুষ্ঠানের শুরু হয়। অংকন প্রতিযোগিতা শেষে অনুষ্ঠিত যোগাসন প্রতিযোগিতায় বিভিন্ন এলাকা থেকে আগত শতাধিক প্রতিযোগী অংশগ্রহন করে।

এদিন প্রতিবন্ধী যোগ ব্যক্তিত্ব পরিমল বিশ্বাস ও বনগাঁর কিশোরী কীর্তন শিল্পী সুরন্তী দাস-কে উদ্যোক্তারা বিশেষ সংবর্ধনা জ্ঞাপন করেন। গত বছরের স্বরচিত কবিতা পাঠে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থানাধিকারী যথাক্রমে নবকুমার বিশ্বাস, মুনমুন মণ্ডল মুখোপাধ্যায় ও জয়ন্ত মণ্ডলের হাতে স্মারক উপহার তুলে দিয়ে শুভেচ্ছা জানানো হয়। অন্যান্য বছরের মতো এবারও এলাকার দুঃস্থ মানুষজনের মধ্যে বস্ত্র, মশারি ও কম্বল এবং দুঃস্থ ছাত্রদের শিক্ষা উপরকরণ প্রদান করা হয়।

পরদিন সকালে শ্রী শ্রী ত্রিকালেশ্বর মন্দির অঙ্গনে বিশ্বকল্যানের উদ্দেশ্যে বিশ্ব শান্তি যজ্ঞ এবং প্রতিদিন সন্ধ্যে থেকে অনুষ্ঠান প্রাঙ্গনের সুসজ্জিত মঞ্চে ধর্মীয় ও মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানে এলাকার বহু ধর্মপ্রাণ ও সংস্কৃতিপ্রেমী মানুষজনের উপস্থিতি চোখে পড়ে। উদ্বোধনী দিনে বারাসাতের বর্ষিয়ান পশুপ্রেমী যমুনা মল্লিককে মিশনের পক্ষ থেকে বিশেষ সংবর্ধনা জ্ঞাপন করা হয়। গুনীজন সংবর্ধনা অনুষ্ঠানে অন্যান্য বিশিষ্ঠ জনেদের মধ্যে উপস্থিত ছিলেন বিশিষ্ঠ সাংবাদিক পাঁচুগোপাল হাজরা, অবসরপ্রাপ্র প্রধান শিক্ষক স্বপন বালা, কবি নবকুমার বিশ্বাস ও পলাশ মণ্ডল প্রমুখ। মিশন তপোবনের প্রাণপুরুষ সুভাষ মোহন্ত সকলকে স্বাগত জানান।

# ভোট লুঠ ও সন্ত্রাসের প্রতিবাদে সিপিএমের সভা

প্রথম পাতার পর

সেই সঙ্গে আনীস হত্যার প্রতিবাদে চাঁদপাড়া বাজারে মিছিল ও পথসভা করে। মিছিলে সিপিএম-এর কর্মীগণের সাথে পা মেলান প্রবীন সিপিএম নেতা সন্তোষ দাস, কপিল ঘোষ, যুগল সাহা, ছিলেন চাঁদপাড়ায় দলীয় পঞ্চায়েত সদস্য শতদল দেব শিক্ষক গৌতম সাহা প্রশান্ত দাস প্রমুখ। মিছিল শেষে জাতীয় সড়ক যশোর রোড পার্শ্বস্থ বাস স্ট্যান্ড চত্বরে অনুষ্ঠিত পথসভায় রাজ্যের শাসক দল তৃণমূল কংগ্রেসের নেতা কর্মীদের ভোট লুঠ ও ভোট সন্ত্রাস ও শাসকদল পুলিশি নিস্ক্রিয়তার কঠোর সমালোচনা এবং সেই সঙ্গে পুলিশের হাতে বামপন্থী ছাত্রনেতা অনীস খানের হত্যার প্রতিবাদে রাজ্যের পুলিশ মন্ত্রী তথা মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর ভূমিকার কঠোর নিন্দা করেন বাম নেতৃবৃন্দ।



গননা কেন্দ্রে ফল ঘোষণার পর কংগ্রেস প্রার্থী মলয় আঢ্য ও বিশ্বজিৎ ভঞ্জ। ছবি উৎপল মল্লিক

M. 8250131562 9333055067

গৌতমের সরকার অনুমোদিত

দি স্পন্দন

প্যাথলজিক্যাল ল্যাবরেটরী

হেনা ও কুশারী ফার্ম্মেনীর পার্শ্বে

এখানে সব রকমের রক্ত, মল, মূত্র পরীক্ষা করা হয় এবং ই.সি.জি, এক্সরে, আলট্রাসোনোগ্রাফী করা হয়।

রেটপাড়া, বনগাঁ, উত্তর ২৪ পরগণা, পিন- ৭৪৩২৩৫, পশ্চিমবঙ্গ

# মিশন পৌরসভা

প্রথম পাতার পর

প্রসঙ্গত, এই ১০ জনের মধ্যে সবচেয়ে অভিজ্ঞতা সম্পন্ন কাউন্সিলর হলেন ১০ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর কৃষ্ণা রায়, এমনই মতামত রাজনৈতিক মহলের। কৃষ্ণা রায় ২৭ বছর ধরে রাজনীতির সঙ্গে যুক্ত। তিনি বনগাঁ পৌরসভার দুবারের উপ পৌরপ্রধানের দায়িত্ব সামলেছেন। তাঁর কাজে গোটা বনগাঁ শহরের মানুষ তাঁকে চেনেন এক নামে। খুব কম মানুষই আছেন, যারা কোনো রকম সুবিধা বা প্রয়োজন থেকে বঞ্চিত হয়েছেন তাঁর কাছ থেকে। এমনই বক্তব্য বনগাঁর ৯, ১০, ১১, ১২ নম্বর ওয়ার্ডের সাধারণ মানুষের।

অন্যদিকে রয়েছে জ্যোৎস্না আঢ্য, রাজনৈতিক দিক থেকে তিনিও পিছিয়ে নেই। তিনি বনগাঁ পৌরসভার প্রাক্তন পৌরপ্রধান। বনগাঁ পৌরসভায় ২০১১ সাল থেকে ২০১৫ সাল পর্যন্ত চেয়ারম্যানের দায়িত্ব সামলেছেন তিনি। তারপর ২০১৫ সাল থেকে চেয়ারম্যানের দায়িত্ব সামলেছেন তাঁর স্বামী শংকর আঢ্য। উল্লেখ্য, এবারে পৌরভোটে তাঁর স্বামী তৃণমূল নেতা শংকর আঢ্যকে পৌরভোটের টিকিট দেওয়া হয়নি। সেই কারণে ভোটের আগে বিভিন্ন পথসভা থেকেই দলের বিরুদ্ধে বিস্ফোরক মন্তব্য করতে দেখা গিয়েছে জ্যোৎস্না আঢ্যকে। ফলে নিজের দলের সঙ্গে তাঁর বনিবনা ভালো না, এমনই মত রাজনৈতিক মহলের একাংশের।

অপরদিকে, ১ নম্বর ওয়ার্ড থেকে দীপালী বিশ্বাস ১৮৩৮ ভোট পেয়ে জয়ী হয়েছেন। রাজনৈতিক দিক থেকে তেমন একটা প্রভাব না থাকলেও, তিনি গত ৫ বছরের কাউন্সিলর পদ সামলেছেন বনগাঁ পৌরসভার ৩ নম্বর ওয়ার্ডে। আবার, ৯ নম্বর ওয়ার্ড থেকে জয়ী হয়েছেন বন্দনা দাস কীর্তনীয়া। বনগাঁ পৌরসভায় এবারের সবচেয়ে বেশি ভোটে জয় যুক্ত হয়েছেন তিনি। তাঁর প্রাপ্ত ভোট ছিল ৩৪৯৪ এবং জয়ী হয়েছেন ২৯৯২ ভোটে। এছাড়াও শম্পা মোহান্ত ১১ নম্বর ওয়ার্ড থেকে জয়ী হয়েছেন। তাঁর প্রাপ্ত ভোট ২৪১৪ এবং জয়ী হয়েছেন ১৯১২ ভোটে। তিনি হলেন বনগাঁ পৌরসভার ১০ বছরের কাউন্সিলর।
সেদিক থেকে চেয়ারম্যান পদ থেকে পিছিয়ে নেই তিনিও।

তবে এবারের বনগাঁ পৌরসভার চেয়ারম্যান পদে যদি কোনো জয়ী পুরুষ প্রার্থীকে নির্বাচিত করা হয়, সে ক্ষেত্রে এগিয়ে রয়েছে ৩ নম্বর ওয়ার্ড থেকে জয়ী প্রার্থী গোপাল শেঠ। তাঁর প্রাপ্ত ভোট ২১৬৭ ও জয়ী হয়েছেন ৮৪৯ ভোটে। শুধুমাত্র এটিই নয়। তিনি পূর্বে বিধায়কের পদও সামলেছেন। তিনি ২০০৯ সাল থেকে ২০১১ সাল পর্যন্ত বনগাঁর বিধায়কের দায়িত্ব সামলেছেন। তারপর তিনি বনগাঁ আর.টি.ও. বোর্ডের মেম্বার ছিলেন ১০ বছর।

অন্যদিকে, ১৪ নম্বর ওয়ার্ডের বিজয়ী কাউন্সিলর হলেন দিলীপ কুমার দাস। রাজনৈতিক মহলে তাঁর পরিচয় অনেক বেশি। যদিও সম্প্রতি শারীরিক অসুস্থ হলেও বনগাঁ শহর তৃণমূলের সভাপতি পদ সামলাচ্ছেন তিনি।

এখন দেখার, কার দখলে যাবে বনগাঁ পৌরসভার পৌরপ্রধানের চেয়ার, এখন শুধু সময়ের অপেক্ষা।

বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন-
৯২৩২৬৩৩৮৯৯
৭০৭৬২৭১৯৫২
৮৯১৮৭৩৬৩৩৫

# মাঠ পুজোয় বহু মানুষের সমাগম

নীরেশ ভৌমিকঃ যে মাঠে নিয়মিত অনুশীলন করে তাঁরা চাকুরি পেয়েছেন, জীবনে প্রতিষ্ঠিত হয়েছেন।

কিন্তু তাঁদের সেই পয়া মাঠকে আজও ভোলেন নি তাঁরা, তাঁদের কেউ কেউ রাজ্য বা কেন্দ্রীয় পুলিশ, কেউ বা বি এস এফ, কেউ সি আই এস এফ আবার কেউ বা সামরিক বাহিনীতে কর্মরত। এই মাঠে অনুশীলন করে যাঁরা চাকুরি পেয়েছেন, তাঁরা একটি সংগঠনও গড়ে তুলেছেন। চাকুরি পাবার পর সেই সংগঠনের সদস্যরা একজোট হয়ে মাঠে কালী পুজো দিয়ে ছিলেন। অতিমারী করোনার কারণে বিগত দু'বৎসর সেই পুজো সম্পন্ন করা সম্ভবপর হয়নি। করোনার প্রকোপ কমতেই এবছর তাঁরা সেই প্রিয় মাঠে পুজোর আয়োজন করেন, দিন ঠিক করে অনেকেই ছুটি নিয়ে চলে আসেন। গত ২৬ ফেব্রুয়ারী তাঁদের প্রিয় সেই ঢাকুরিয়া হাইস্কুল কর্তৃপক্ষের সাথে কথা বলে মাঠেই সাড়ম্বরে কালীপুজোর আয়োজন করেন তারা। সহযোগিতার হাত বাড়িয়ে দেন মাঠের প্রশিক্ষক দীপঙ্কর দাস সহ বর্তমানে মাঠে অনুশীলনকারী অন্যান্য সকল ছেলে-মেয়েরা। পুজোর উদ্যোক্তারা গ্রামবাসীগণের বাড়ি-বাড়ি গিয়ে পুজোতে আসার আমন্ত্রন জানান। আসেন মাঠে অনুশীলনকারী অনেকের বাড়ির লোকজনও। পুজোর দিন অপরাহ্নে বাজনা বাজিয়ে সহস্রাধিক মানুষ শোভাযাত্রা সহকারে প্রতিমা আনতে যান। মিছিলের পুরোভাগে জাতীয় পতাকা হাতে সুসজ্জিত তিন কন্যা সকলের নজর কাড়ে। পুজো উপলক্ষ্যে মন্ডপ ও স্কুল অঙ্গন ফুল ও অলোক মালায় সাজানো হয়। সন্ধ্যে থেকেই হাজার হাজার মানুষ পুজো প্রাঙ্গণে ভিড় জমান।



# মছলন্দপুরে ইমন মনীষার বার্ষিক উন্নয়ন

সঞ্জিত সাহা ঃ মছলন্দপুরের ঐতিহ্যবাহী ইমন মাইম সেন্টার ও মনীষা সাংস্কৃতিক সংস্থার বার্ষিক উৎসব অনুষ্ঠিত হয় গত ২৬ ও ২৭ ফেব্রুয়ারি। দুদিন ব্যাপি অনুষ্ঠিত উৎসবে সংগীত, নৃত্য, নাটক, মুকাভিনয় ছাড়াও ছিল বিভিন্ন সাংস্কৃতিক প্রতিযোগিতা। প্রথমদিন মনীষা সাংস্কৃতিক সংস্থা নৃত্য শিল্পীদের নৃত্যানুষ্ঠান, শতকমল মাইম সেন্টারের মুকাভিনয়, ছিল গোবরডাঙা কথা প্রসঙ্গ ও চেতক নাট্যদলের নট্যানুষ্ঠান। দ্বিতীয়দিন বিভিন্ন সাংস্কৃতিক প্রতিযোগিতার পুরস্কার বিতরন অনুষ্ঠানে বিশিষ্টজনদের মধ্যে ছিলেন, হাবড়া ১নং পঞ্চায়েত সমিতির অজিত সাহা, অধ্যাপক অভিজিৎ ব্যানার্জী, আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন ক্রীড়াবিদ জ্যোতি গোপাল দাস, ছিলেন সংস্কৃতিপ্রেমী অপূর্ব দে, অনিল মুখার্জী, শান্তি কমিটির কর্নধার হরিপদ পাল ও প্রবীন সাংবাদিক রামমোহন দত্ত প্রমুখ।

স্বাগত ভাষনে মনীষা সাংস্কৃতিক সংস্থার সভাপতি দেবব্রত বিশ্বাস সকলকে স্বাগত জানান। সংস্থার সদস্যগন সকলকে উত্তরীয় পুস্পস্তবক ও বিদ্যাসাগরের বাঁধানো প্রতিকৃতি প্রদানের মাধ্যমে বরন করে নেন। এদিন শুরুতে মনীষার সদস্যগনের সংগীত ও নৃত্যের অনুষ্ঠান শেষে ইমন মাইম সেন্টারের পরিচালক বিশিষ্ট মূকাভিনেতা ধীরাজ হাওলাদারের নির্দেশনায় পরিবেশিত মাইম মূকাভিনয়ের অনুষ্ঠান উপস্থিত দর্শক সাধারনের মনোরঞ্জন করে। সবশেষে গোবরডাঙা নাবিক নাট্যম প্রযোজিত দর্শক প্রশংসিত নাটক অথঃ বৃষ মঙ্গল কথা এবং স্থানীয় ইমন মাইম সেন্টার পরিবেশিত জয়ন্ত সাহা নির্দেশিত সকলের ভালো লাগার নাটক 'কোথায় গেল' সমবেত দর্শক সাধারনের উচ্চসিত প্রশংসা লাভ করে।



# লক্ষাধিক টাকার ওষুধসহ ধৃত চালক

প্রতিনিধি : বাংলাদেশ থেকে বেআইনি ওষুধ পাচারের চেষ্টা ব্যর্থ করল বিএসএফ। ওষুধ সহ এক চালককে আটক করল বিএসএফ। বৃহস্পতিবার গভীর রাতে ঘটনাটি ঘটেছে পেট্রাপোল সীমান্তে ইন্টিগ্রেটেড চেকপোষ্ট এলাকায়।

# সাহিত্য সভায় সম্বর্ধিত শিক্ষক নন্দ দুলাল বসু

সঞ্জিত সাহা ঃ গত ২৬ ফেব্রুয়ারি গোবরডাঙার অন্যতম স্বেচ্ছাসেবি প্রতিষ্ঠান সেবা ফার্মাস সমিতি আয়োজিত মাসিক সাহিত্য সভায় বিশেষ সংবর্ধনা জ্ঞাপন করা হয় গোবরডাঙা প্রীতিলতা শিক্ষা নিকেতনের অবসর প্রাপ্ত শিক্ষক নন্দ দুলাল বসুকে।

সংস্কৃতি প্রেমী শিক্ষক নন্দবাবুকে এদিন পুস্পস্তবক, উত্তরীয়, মানপত্র ও স্মারক উপহারে সংবর্ধনা জানান, সেবা সমিতির সম্পাদক গোবিন্দলাল মজুমদার। অনুষ্ঠানের শুরুতেই গোবিন্দবাবু সেরা সমিতির বছরভর বিভিন্ন সেবামূলক কর্মকান্ডের খতিয়ান তুলে ধরে মনোজ্ঞ ভাষন দান করেন।

বিশিষ্ট লেখক ও সাহিত্যিক রামমোহন দত্তের পরিচালনায় অনুষ্ঠিত কবি সম্মেলনে জেলার বিভিন্ন এলাকা থেকে আগত কবিগন স্বরচিত কবিতা পাঠ করেন। উদ্যোক্তারা এদিন সদ্য পৈতে নিয়ে পুরোহিতের কাজে যোগ দেওয়া অশোকনগরের দুই ব্রাহ্মন কন্যা ও স্কুল ছাত্রী ১৩ ও ১৫ বৎসরের অয়ন্তিকা ও তমালিকা ব্যানার্জীকে বিশেষ সংবর্ধনা জ্ঞাপন করেন।

# কলরব উৎসব

নীরেশ ভৌমিক ঃ চাঁদপাড়ার ঐতিহ্যবাহী কলরব সাংস্কৃতিক সংস্থা আয়োজিত কলবর উৎসবের বিশেষ বিষয় ছিল স্বেচ্ছা রক্তদান শিবির। কলরব ও জিও লাইফ ফাউন্ডেশান এর উদ্যোগে অনুষ্ঠিত শিবিরে কলকাতার মেডিক্যাল কলেজ হাসপাতাল ব্লাড ব্যাঙ্কের চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীগণ ৫০ জন সদ্যস্যের রক্ত সংগ্রহ করেন। সংস্থার সম্পাদক তনয় সাহা ও অন্যতম সদস্য নিতাই কুন্ডু প্রথম রক্ত দিয়ে রক্তদান উৎসবের সূচনা করেন। শিবিরে মহিলা রক্তদাতাদের উপস্থিতি ছিল লক্ষ্যনীয়।

# প্রাক্তন চেয়ারম্যানের বাড়ি লক্ষ্য করে গুলি

প্রথমপাতার পর...

পৌর নির্বাচনে বনগাঁ পৌরসভার ৮ নম্বর ওয়ার্ডের কংগ্রেস প্রার্থী ছিলেন। ভোটের ফলাফল ঘোষণা ঘোষণার দিন রাতেই দেবজানি তাঁর বাপের বাড়িতে ছিলেন। কে বা কারা এমন ঘটনা ঘটিয়েছে সেই বিষয়ে তাপস মুখার্জি কিছু বলেননি। ঘটনার সঠিক তদন্তের দাবি করেছেন তিনি।

দেবজানি চ্যাটার্জির অভিযোগ, ভোটের দিন শাসক দলের প্রার্থীর সাথে অশান্তি হয় এমনকি শাসক দলের পক্ষ থেকে তাকে মারার হুমকিও দেওয়া হয়। তারপর থেকেই তিনি নানা রকম আশঙ্কার মধ্যে ছিলেন। তার মতে, তার সঙ্গে কারোর কোনো ব্যক্তিগত শত্রুতা নেই যে শত্রুতার জেরে তার বাড়িতে গুলি চললো এই শত্রুতা সূত্রপাত হয়েছিল ভোট কেন্দ্র থেকেই। গতকালের পর থেকে আতঙ্কে রয়েছে দেবজানি চাটার্জী। এ বিষয়ে তিনি বলেন, "সমস্ত বিরোধী দলের সাথেই আমি সদ্ভাব রেখে চলি কিন্তু ভোটের দিন থেকেই অশান্তি সৃষ্টি হয় তারপর থেকে আতঙ্কের মধ্যে রয়েছি আমি।"

HALL MARK
বনগাঁয় সবার মুখে এক কথা—
রকমারি ডিজাইন, গহনার গড়নে সাবেকিয়ানা,
আধুনিকতায় অনন্য প্রতিষ্ঠান
আমাদের গহনার মজুরী সবার থেকে কম
নিউ পি. সি. জুয়েলার্স
বাটার মোড়, বনগাঁ (বনশ্রী সিনেমা হলের সামনে)
নিউ পি. সি. জুয়েলার্স ব্রাঞ্চ
বাটার মোড়, বনগাঁ (কুমুদিনী বিদ্যালয়ের বিপরীতে)
নিউ পি. সি. জুয়েলার্স বিউটি
মতিগঞ্জ হাটখোলা, বনগাঁ, উত্তর ২৪ পরগনা
এন পি.সি. অপটিক্যাল
এখানে সু-চিকিৎসকের পরামর্শে কম্পিউটার দ্বারা চক্ষু পরীক্ষা করা হয়। আধুনিক মানের চশমার ফ্রেম, গ্লাস ও লেন্সের বিশাল সম্ভার।
বাটার মোড়, (কুমুদিনী স্কুলের বিপরীতে), বনগাঁ

GOBARDANGA Nabik Nattyam
Azadi Ka Amrit Mahotsav
FINANCIAL ASSISTANCE MINISTRY OF CULTURE GOVT. OF INDIA.
Date - 04 March To 06 March - 2022
NATYA MILON UTSAV
Place - Gobardanga Shilpayan Studio Theatre. (Shaoli Mitra Mancha)
04/03/2022
6:00 pm OPENING CEREMONY
7:00 pm আমতা পরিচয় থ্যাঙ্ক ইউ দাদাজি নাট্যকার - বিজয় কুমার নায়েক ভাষান্তর - ডঃ আশিষ গোস্বামী নির্দেশনা - ঋতুপর্না বিশ্বাস
7:45 pm গোবরডাঙা নাবিক নাট্যমের নব নির্মান সামগ্রিক পরিকল্পনা ও নির্দেশনা জীবন অধিকারী
05/03/2022
6:30 pm মুকুলিকা শ্রুতি নাটক তাহার নামটি রঞ্জনা নাট্যকার - বিধায়ক ভট্টাচার্য নির্দেশনা - অনিমা দাস
নতুন বছরের নতুন প্রযোজনা দ্য সেলসম্যান রচনা, নির্দেশনা ও অবেহ : ভাস্কর দাস প্রযোজনা : হরিপাল আশ্রমিক
8:15 pm থিয়েটার জঙ্গলমহল সূর্য সন্ধান নাটক ও নির্দেশনা - সঞ্জয় আচার্য
06/03/2022
6:30 pm ইউনিটি মালঞ্চ আত্মকথন নাট্যকার - স্বপন দাস নির্দেশনা - দেবাশিস সরকার
7:30 pm খড়দা থিয়েটার জোন কাম BACK বিনোদিনী নাটক ও নির্দেশনা তপন দাস
8:10 pm মছলন্দপুর ইমন মাইম সেন্টার মাইম সামগ্রিক পরিকল্পনা ও নির্দেশনা ধিরাজ হাওলাদার
সকলকে সাদর আমন্ত্রণ।
Bhattacharya Para, Gobardanga, North 24 Pgs. Pin - 743252
Ph- 9433377295 / 9153157875 mail- nabiknattyam2@gmail.com

COMPUTER &
PRINTER REPAIRING
যত্ন সহকারে সামনে বসে কাজ করা হয়
কার্টিজ রিফিল করা হয়।
UNICORN
Mob. : 9734300733
অফিস ঃ কোর্ট রোড, লোটাস মার্কেট, বনগাঁ, উঃ ২৪ পরঃ

Arup Kumar Nath
Customs Clearing & Forwarding Agent
: 03215-245 718
9475399888
8768010885
: absenterprise43@gmail.com
absenterprise43@yahoo.com
A.B.S. ENTERPRISE
Hazi Market (1st Floor) ● PETRAPOLE ● BONGAON ● NORTH 24 PARGANAS

তান্ত্রিক জ্যোতিষ সম্রাট চণ্ডীরত্ন গীতাভারতী, স্বর্ণপদক প্রাপ্ত
এস এস আচার্য / এস এস চ্যাটার্জী
ব্যবসা, চাকুরী, বিবাহ, বিদেশযাত্রা, গ্রহদোষ, বাস্তদোষ,
প্রতিকারসহ শ্রাদ্ধ-শান্তি, উপনয়ণ এবং প্রায়শ্চিত্ত করা হয়।
পুরোহিত শুভজিৎ আচার্য
চাঁদপাড়া ১নং রেলবাজার, ঢাকুরিয়া কালীবাড়ি, ২৪ পরঃ (উঃ)
মোঃ ৯৩৩২২৩৬১১৫/৯৭৩৪৩৭৮৯০৩/৮৩৭১০৪৬৪৯৭

Printer, Publisher & Owner **Utpal Mallick**, Published at Kalupur (Uttarpara, P.O.- Kalupur, P.S.- Bongaon, Dist.- North 24 Parganas, W.B. PIN- 743235 and Printed at Kumar Press at Tawbazar, Bongaon, North 24 Parganas, W.B., PIN- 743235 - 9232633899 / 9647791986 / 7076271952
e-mail.- sarbabhauma@gmail.com, Web- https://www.sarbabhaumasamachar.in **Editor- Utpal Mallick**